ক্যান্টনমেন্ট বোর্ড
ঢাকা ক্যান্টনমেন্ট।
============

১৯৯২ ইং সনের ২৫শে মার্চ বেলা ১০-০০ ঘটিকায় অনুষ্ঠিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড সভার কার্য বিবরণী।
========================================================

প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সদস্যবর্গের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | কর্ণেল মনিরুজ্জামান খান, পিএসসি, স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। | - প্রেসিডেন্ট | - উপস্থিত। |
| ২। | এস, ই, এম, ও, ঢাকার প্রতিনিধি সি, এম, এইচ, ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত। |
| ৩। | অধিনায়ক, বি এ এফ বেস্ বাশার এর প্রতিনিধি ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৪। | কমান্ডিং অফিসার, বি এন এস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৫। | স্থানাপন্ন সি এম ই এস (আর্মি) ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৬। | জনাব মেহ্দী হাসান (জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক মনোনীত প্রথম শ্রেনীর ম্যাজিষ্ট্রেট) | - সদস্য | - অনুপস্থিত। |
| ৭। | জনাব সৈয়দ আজহারুল হক, ৪, সেনানিবাস আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৮। | লেঃ কর্ণেল (অবঃ) এস এ ডব্লিউ এম নাজিম হোসেন ডি ও এইচ এস এস, বনানীর প্রতিনিধি। | | - উপস্থিত |
| ৯। | ফ্লাঃলেঃ (অবঃ) এ বি এম এ রশিদ ডি ও এইচ এস, বনানীর প্রতিনিধি। | | - উপস্থিত। |
| ১০। | কর্ণেল (অবঃ) বজলল গনি পাটওয়ারী, বিপি, পিএসসি, ডিওএইচএস, মহাখালীর প্রতিনিধি। | | - অনুপস্থিত। |
| ১১। | কমান্ডার (অবঃ) টি আই এম নরুন নবী ডিওএইচএস, মহাখালীর প্রতিনিধি। | | - উপস্থিত। |
| ১২। | জনাব মোঃ আবদুল করিম ক্যান্টনমেন্ট এক্জিকিউটিভ অফিসার, ঢাকা সেনানিবাস। | সেক্রেটারী | - উপস্থিত। |

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয় ঃ-

**প্রস্তাব নং-১ ঃ** বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ঃ

গত ৩০-১-৯২ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিং এর কার্য বিবরণী অনুমোদন করা এবং গৃহীত সিদ্ধান্ত ও কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** গত ৩০-১-৯২ ইং তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ সম্পর্কে অবহিত হয়ে উক্ত সভার কার্য বিবরণী অনুমোদন করা হলো।

**প্রস্তাব নং-২ ঃ** মহাখালী ডি ও এইচ এস প্লট নং-২০২ এর উত্তর দিকে ২৯৬ বর্গফুট অতিরিক্ত জায়গা দখল সংক্রান্ত ঃ

মহাখালী ডি ও এইচ এস এলাকার প্লট নং-২০২ এর উত্তর দিকে ২৯৬ বর্গফুট অতিরিক্ত জায়গা দখল প্রসংগে এস, আর, কে, বোরহানীর ০১-১-৯২ ইং তারিখের আবেদন অবহিত হওয়া এবং সিদ্ধান্ত গ্রহন করা।

২য় পৃঃদ্রঃ

গৃহীত সিদ্ধান্ত ঃ- জনাব এস আর কে লোহানীর ০১-১-৯২ ইং তারিখের আবেদন গ্রহনযোগ্য নহে। বোর্ড অব অফিসার্স এর সুপারিশ তথা স্টেশন কমান্ডারের পূর্বের নির্দেশানুযায়ী অবিলম্বে কার্যক্রম গ্রহনের জন্য তাঁহাকে পুনরায় লেখার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৩ ঃ মহাখালী ডি ও এইচ এস এলাকায় নিরাপত্তা প্রহরী নিয়োগ সংক্রান্ত ঃ

মহাখালী ডি ও এইচ এস এলাকায় নিরাপত্তা প্রহরী নিয়োগ সংক্রান্ত শেরিফ সিকিউরিটি সার্ভিসেস লিঃ এর ২২-২-৯২ ইং তারিখের আবেদন এবং স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৯-২-৯২ ইং তারিখের ৫০৬/৪/জিএস নং পত্র অবহিত হওয়া ও এই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্ত ঃ- বিষয়টি ক্যান্টনমেন্ট বোর্ড সভায় আলোচনা কালে কেবলমাত্র ডি ও এইচএস এর সম্মানিত প্রতিনিধি সদস্য কমান্ডার (অবঃ) টি,আই,এম, নূরুন নবী ব্যতীত সকলে ইহাতে সম্মতি প্রদান করেন এবং এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রতি ফ্লাট হইতে মাসিক ৫০/-(পঞ্চাশ) টাকা হারে শেরিফ সিকিউরিটি সার্ভিসেস লিঃ কর্তৃক নিজ দায়িত্বে সংগ্রহ করতঃ তাঁহারা মহাখালী ডি ও এইচ এস এলাকায় নিরাপত্তা প্রহরীর ব্যবস্থা করিবেন। এ ব্যাপারে তাঁহারা যথাযথ কর্তৃপক্ষের সকল পরামর্শ/ নির্দেশ মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

প্রস্তাব নং-৪ ঃ মহাখালী ডিওএইচএস প্লটে অবৈধ নির্মাণ/বৃক্ষরোপন সংক্রান্ত ঃ

ডি ও এইচ এস মহাখালীর প্লট নং-৩৩৯ ও ৩৪০ এ অবৈধ ভাবে নির্মাণ/বৃক্ষরোপন সংক্রান্ত বিষয়ে ৩৩৮ নং প্লটের মালিক কর্ণেল এরিক রোজারিও কর্তৃক ০৪-১২-৯১ ইং তারিখের লিখিত আপত্তি অবহিত হওয়া ও এই ব্যাপারে পরবর্তী সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্ত ঃ- আবেদনকারী/অভিযোগকারী কর্মকর্তা ও পার্শ্ববর্তী বাসিন্দাদের মধ্যে বিষয়টি আপোষ মীমাংসা করিবার জন্য তাঁহাদেরকে লেখার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৫ ঃ ডি ও এইচ এস, মহাখালী মসজিদের দক্ষিন দিকের রাস্তার নাম করণ প্রসংগে ঃ

ডি ও এইচ এস, মহাখালী মসজিদের দক্ষিন দিকের রাস্তার নাম করণ প্রসংগে ১৬, ইন্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্যাটালিয়ানের অধিনায়ক লেঃকর্ণেল মোঃ মজিবুর রহমান, পিএসসি, এর ২৭-১১-৯১ ইং তারিখের প্রস্তাব অবহিত হওয়া এবং বিবেচনা করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- উক্ত রাস্তাটির নাম "মসজিদ বাই-লেন" রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৬ ঃ গ্যারেজ সংলগ্ন বাথরুম নির্মাণ প্রসংগে ঃ

ডি এইচ এস মহাখালী এর প্লট নং-৩৬৬ এর মালিকের ১২-১১-৯১ ইং তারিখের গ্যারেজ সংলগ্ন বাথরুম নির্মাণ সংক্রান্ত একখানা আবেদন অবহিত হওয়া এবং সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্ত ঃ- বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-৭ ঃ ডিওএইচএস, মহাখালীর ৩৫৩ নং প্লটে রাস্তার দিকের পরিবর্তে অন্যদিকে জায়গা ছাড়িয়া বাড়ী নির্মানের নকসা প্রস্তুত করণ সংক্রান্ত ঃ

মহাখালী ডি ওএইচ এস এলাকার ৩৫৩ নং প্লটের মালিক মিসেস নাহার আনোয়ার, স্বামী-ব্রিগেডিয়ার মোঃ নূরুল আনোয়ার এর ২৭-২-৯২ ইং তারিখের আবেদনানুযায়ী রাস্তার দিকে ৭২'-০"x১০'-০" জায়গা না ছাড়িয়া প্লটের পশ্চিম পার্শ্বে ৫০'-০"x১০'-০" ছাড়িয়া বাড়ী নির্মানের নকসা প্রস্তুত করণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহন।

হীত সিদ্ধান্ত ঃ- প্লটের অবস্থানের কথা বিবেচনা পূর্বক বিশেষ ক্ষেত্র হিসাবে আবেদনটি অনুমোদন করা হলো।

স্তাব নং-৮ ঃ মহাখালী ডি ও এইচ এস মসজিদের রাস্তা নির্মানের মূল্যানুমান ঃ

মহাখালী ডিওএইচএস এলাকায় মসজিদের সম্মুখের রাস্তা নির্মানের ৪৮,৩০৪'৭৬ টাকার (এমইএস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং মোতাবেক) মূল্যানুমান অনুমোদন করণ।

হীত সিদ্ধান্ত ঃ- উক্ত রাস্তা নির্মানের জন্য ৪৮,৩০৪'৭৬ টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। ৩য় পৃঃদ্রঃ

প্রস্তাব নং-৯ঃ বনানী ডিওএইচ এস প্লট নং-৫৭তে অবৈধ ইমারত নির্মাণ প্রসংগেঃ

বনানী ডিওএইচ এস প্লট নং-৫৭'তে অবৈধ ইমারত নির্মাণ কাজ প্রসংগে আলোচনা করণ। এই ব্যাপারে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২০-১১-৯১ ইং তারিখের ৭০০/১/ডিওএইচএস/কিউ-১ নং পত্র এবং উক্ত প্লটের বরাদ্দ লাভকারী মিসেস সামছুন নাহার, স্বামী মৃত -মেজর মুজিব উদ্দিন আহম্মদ এর ০১-১২-৯১ ইং তারিখের লিখিত বক্তব্য পেশ করা গেল।

গৃহীত সিদ্ধান্তঃ- ক্যান্টনমেন্ট বাই-'ল' মোতাবেক এবং অনুমোদিত নক্সা অনুযায়ী ইমারত নির্মাণ করিতে ও ইমারতের অবৈধ ভাবে নির্মিত স্থান সমূহ ভাংগিয়া ফেলার জন্য প্লটের মালিককে লেখার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১০ঃ পিলার নির্মানের মূল্যানুমান ও দর বিবেচনা করণঃ

জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার ২০০টি পিলার সরবরাহ ও স্থাপনের ২৩,৫৭৮.০০ টাকার মূল্যানুমান এবং সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স গাজী এন্ড ব্রাদার্স এর ৩০% উর্ধ দর অবহিত হওয়া ও অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- প্রস্তাবমতে মূল্যানুমান ও প্রদত্ত দরটি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১১ঃ লেইন নং-১২ কার্পেটিং করনের দর বিবেচনা করণঃ

৩৭,৭৮৬.০০ টাকা ব্যয়ে মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-১২ কার্পেটিং করনের দর অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- উক্ত লেইন কার্পেটিং এর জন্য ৩৭,৭৮৬.০০ টাকার ব্যয় ও মেসার্স খান এন্ড ব্রাদার্স কর্তৃক ৩% উর্ধ দরে কাজটি সম্পন্ন করার অনুমোদন দেওয়া হলো।

প্রস্তাব নং-১২ঃ শহীদ মঈনুল রোড মেরামত ও সৌন্দর্য বর্ধনের দর বিবেচনা করণঃ

১৪,৫১৪.০০ টাকা ব্যয়ে শহীদ মঈনুল রোড মেরামত ও সৌন্দর্য বর্ধন করনের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- উক্ত রোড মেরামতের জন্য ১৪,৫১৪.০০ টাকার ব্যয় ও মেসার্স হাবিব এন্ড সন্স কোঃ কর্তৃক সিডিউল সমাহার দরে কাজটি সম্পন্ন করার অনুমোদন দেওয়া হলো।

প্রস্তাব নং-১৩ঃ শহীদ মঈনুল রোড ও তৎসংলগ্ন এলাকার পানি ও পয়ঃ নিস্কাশনের মূল্যানুমান অনুমোদন করণঃ

ঢাকা সেনানিবাসস্থ শহীদ মঈনুল রোড এবং তৎসংলগ্ন এলাকার পানি ও পয়ঃ নিস্কাশনের জন্য ১,১২,৭৫৪.০০ টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- উক্ত কাজের জন্য ১,১২,৭৫৪.০০ টাকার (১৯৯০ ইং সালের এম ই এস সিডিউল মোতাবেক) মূল্যানুমান অনুমোদন করা হলো। এই ব্যাপারে ফান্ডের জন্য পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে যোগাযোগ করা হোক।

প্রস্তাব নং-১৪ঃ সেনা পল্লী স্কুলের আসবাবপত্র মেরামতের সর্বনিম্ন দর বিবেচনা করণঃ

সেনা পল্লী উচ্চ বিদ্যালয়ের আসবাবপত্র মেরামতের জন্য সর্বনিম্ন ৩১,৯৪০.০০ টাকার দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- উক্ত আসবাবপত্র মেরামতের জন্য সর্বনিম্ন দরদাতা মেসার্স মামুন এন্ড ব্রাদার্স কর্তৃক প্রদত্ত ৩১,৯৪০.০০ টাকার দরপত্রটি অনুমোদন করা হলো।

৪র্থ পৃঃদ্রঃ

প্রস্তাব নং-১৫ঃ বিভিন্ন প্রকল্পের সংশোধিত মূল্যানুমান বিবেচনা করণ ঃ

বিভিন্ন প্রজেক্টের সংশোধিত মূল্যানুমান অবহিত হওয়া ও অনুমোদন করণ। নিম্নে উহার বিস্তারিত বিবরণ দেওয়া হইল ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান | সংশোধিত মূল্যানুমান (৭% নিম্নে) | সংশোধিত হওয়ার কারণ |
|---|---|---|---|---|
| ক। | মহাখালী ডিওএইচএস এলাকায় লেইন নং-১০,১১,২০ প্লট নং-৩৮ হইতে ৪৯ এবং প্লট নং-৩৫ হইতে ২৭৩ পর্যন্ত রাস্তা মেরামত/কার্পেটিং করনের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ। | =৩,৯৬,৪৫৭·০০ | ৫,১৪,৩৮০/- | পূর্বে ওয়াসার কাটিংয়ের মূল্যানুমান ছিল না এবং মেকাডম থিকনেস বাড়িয়াছে। কার্পেটিং এর এরিয়া বাড়িয়াছে। |
| খ। | মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-২২,২৩ এবং প্লট নং-বি/১২৯ হইতে ১৭৮ পর্যন্ত কার্পেটিং করনের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ। | =৫,৮৭,০৬১/- | ১০,৩৮,০৩৯/- | ১৭৮'-০" রাস্তা বৃদ্ধি পাইয়াছে। ওয়াসার কাটিং মেরামত। নূতন খোয়া কনসোলিডেশন করণ। বিভিন্ন বাড়ীর গেইট ও কাটা পাথরের সাহায্যে করনের ফলে কাজের স্পেশিফিকেশন পরিবর্তনের জন্য। |
| গ। | মহাখালী ডিওএইচএস এলাকার ইস্টার্ণ রোড ওয়াসার কাটিংসহ মেরামত ও কার্পেটিং করনের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ। | =২,৬৬,২৮১/- | ৩,৫২,৫০৪·৪১ | রাস্তার চওড়া ১০'-০" এর পরিবর্তে ১৩'-০" করা হইয়াছে এবং পশ্চিম পার্শ্বে ওয়াটার বাউন্ড মেকাডম করা হইয়াছে। |
| ঘ। | মহাখালী ডিওএইচএস এলাকায় সেন্ট্রাল রোড, লেইন নং-১৩,১৪, ১৫,১৬,১৭ ওয়াসার কাটিংসহ মেরামত ও কার্পেটিং করনের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ। | =৩,২১,৫২৮/- | ৩,৯১,৭২২·৩৫ | রাস্তা ১২'-০" এর পরিবর্তে ১৫'-০" করা হইয়াছে। |
| ঙ। | মহাখালী ডিওএইচএস এলাকায় লেইন নং-১৮,১৯ ওয়াসার কাটিংসহ মেরামত ও কার্পেটিং করনের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ। | =১,৬০,৮৭২/- | ২,১২,৮১৯·৯৭ | ১" পুরু কার্পেটিংয়ের পরিবর্তে ১½" কার্পেটিং এবং লেইন ১৯ এর পশ্চিম পার্শ্বে সেমি-গ্রাউটিং করা হইয়াছে। |
| চ। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার সেন্ট্রাল রোড (আংশিক) লেইন নং-৬/এ (আংশিক) এবং ওয়েস্টার্ণ রোড (আংশিক) মেরামত ও কার্পেটিং করনের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ। | = ২,৪৭,০৪৮/৮৯ | ৩,০৬,৯০৮·৪২ | ওয়েস্টার্ণ রোডের উত্তর মাথায় ২৫০'-০" লম্বা কার্পেটিং বর্ধিত করা হইয়াছে। |
| ছ। | বনানী ডিওএইচএস এলাকায় রোড নং-৫,৬ এবং লেইন নং-৬/এ, ৬/বি ও ৬/সি ওয়াসার কাটিংসহ মেরামত কার্পেটিং করনের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ। | =৪,৫০,৪৮৪·৯৩ | ৭,৯৯,৮০৫·৯৩ | -শুধুমাত্র রোড নং-৫ এর কার্পেটিং এর অনুমোদন পাওয়া গিয়াছিল। পরবর্তীতে রোড নং ৬, লেইন নং-৬/এ, ৬/বি ও ৬সি মেরামত ও কার্পেটিং করা হয়। |
| জ। | মহাখালী ডিওএইচএস এলাকার লেক রোড কার্পেটিং করনের জন্য সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ। | =৩,০৫,৩৬৩/- | ৪,৭৩,১৪২·০০ | -উল্লেখিত রাস্তায় অনুমোদিত মূল্যানুমানে ওয়াসার কাটিং এর জন্য এজিং, সলিং, মেকাডম ইত্যাদি কিছুই ছিল না। কিন্তু বাস্তব অবস্থার প্রেক্ষিতে উক্ত কাজগুলি করা জরুরী ছিল। |

গৃহীত সিদ্ধান্ত ঃ- অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-১৬ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সম্মুখের রাস্তা মেরামত/কার্পেটিং করনের মূল্যানুমান বিবেচনা করণ ঃ

ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সম্মুখের রাস্তা মেরামত ও কার্পেটিং করনের মূল্যানুমান অনুমোদন করণ

গৃহীত সিদ্ধান্ত ঃ- সর্বমোট ৪৮,০০০'০০ টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-১৭ ঃ ক্যান্টঃ বাজার এলাকাস্থ ৬৮/বি ও ৬৮/সি প্লটে নিজস্ব জমির সীমানা লংঘন /অবৈধ দেয়াল নির্মাণ সংক্রান্ত তদন্ত আদালতের রিপোর্ট অবহিত হওয়া ঃ

ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৮/বি এবং ৬৮/সি প্লটে নিজস্ব জমির সীমানা লংঘন করিয়া অবৈধ ভাবে পার্শ্ববর্তী জমিতে দেওয়াল নির্মাণ এবং লোহার গেইট স্থাপন প্রসংগে তদন্ত আদালতের রিপোর্ট অবহিত হওয়া ও সিদ্ধান্ত গ্রহন করা। এই প্রসংগে 'সাভ্রেস' অধিদপ্তরের ১৪ মার্চ,৯২ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৯৮/শা-৩/২৩ নং পত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্ত ঃ- এতদ্ব্যাপারে পুনঃ তদন্ত আদালত গঠিত হওয়ার কারণে পরবর্তী রিপোর্টসহ আগামী বোর্ড সভায় বিষয়টি আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৮ঃ শহীদ মঈনুল রোড ও শহীদ সরণী সংলগ্ন বাগানে সিকিউরিটি বাতি স্থাপনের মূল্যানুমান বিবেচনা করণ ঃ

শহীদ মঈনুল রোড ও শহীদ সরণী সংলগ্ন বাগানে সিকিউরিটি বাতি স্থাপনের ৬৬,৩২০'০০ টাকার মূল্যানুমান (এমইএস সিডিউল অব রেইটস্,১৯৯০ ইং মোতাবেক) ৪৪,০১০'০০ + নন-সিডিউল আইটেম ২২,৩১০'০০) অবহিত হওয়া ও অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- সর্বমোট ৬৬,৩২০'০০ টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। কাজটি অত্যন্ত জরুরী বিধায় এ ব্যাপারে সংক্ষিপ্ত দরপত্র আহবানের মাধ্যমে কাজটি সম্পন্ন করা হোক।

প্রস্তাব নং-১৯ ঃ ক্যান্টঃ বাজার এলাকাস্থ ৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটির নামজারীর প্রস্তাব বিবেচনা করণ ঃ

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি মিসেস নূরুন্নাহার রাজার নামে বিদ্যমান রহিয়াছে। মিসেস নূরুন্নাহার রাজা উক্ত প্লট/বাড়ীতে তাঁহার নিজ অংশ তাঁহার কন্যা মিসেস জিন্নুরিন নাহার রাজার নামে হেবা করার প্রেক্ষিতে সম্পূর্ণ প্লট/বাড়ীটি মিসেস জিন্নুরিন নাহার রাজার নামে নামজারী করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করণ। এতদ্ব্যাপারে উল্লেখিত মা ও মেয়ের আবেদন এবং আইন উপদেষ্টার মতামতসহ যাবতীয় কাগজপত্রাদি উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্ত ঃ- প্রস্তাব মতে অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২০ ঃ দোকান ভাড়ার সামঞ্জস্য বিধান ঃ

(ক) বিগত ২২-৭-৯১ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ১৮ নং গৃহীত সিদ্ধান্তে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটস্থ ১ হইতে ২০ নং (নিলামকৃত)দোকানের ভাড়া ৪৫০/- টাকার স্থলে ৭০০/- টাকায় বৃদ্ধি করা হইয়াছে। উহার প্রেক্ষিতে দোকানদারগণ বর্ধিত ভাড়ার হার কমানোর জন্য ০৬-১-৯২ ইং তারিখে যৌথ আবেদন জানান। উক্ত আবেদনের উপর পরবর্তী সিদ্ধান্ত প্রদানের জন্য উপস্থাপন করা হইল।

(খ) ২৪-১০-৯১ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ২৭ নং গৃহীত সিদ্ধান্তে ২১ হইতে ৪৭নং পর্যন্ত (৩৫/এ ব্যতীত) ২৭টি এবং মিরপুর ১৪ নং সেকশনে ৪টি দোকানের ভাড়া প্রতি বর্গফুট ২'০৭ টাকার স্থলে ৩'২৫ টাকা বৃদ্ধি করা হইয়াছে। উহার প্রেক্ষিতে দোকানদারগণ বর্ধিত ভাড়ার হার কমানোর জন্য ৩১-১-৯২ ইং তারিখে যৌথ আবেদন জানান। উক্ত আবেদনের উপর পরবর্তী সিদ্ধান্ত প্রদানের জন্য উপস্থাপন করা হইল।

উল্লেখ্য যে, ১ হইতে ২০ নং দোকানের ভাড়া ৪৫০/- টাকা হইতে সর্ব সাকুল্যে ৭০০/- টাকায় বৃদ্ধি করা হইয়াছে এবং ১ হইতে ৪৭ পর্যন্ত (৩৫/এ ব্যতিত) এবং মিরপুর ১৪ নং সেকশনের ৪টি দোকানের জন্য প্রতি বর্গফুটের মাসিক ভাড়া ২.৯০ টাকা হইতে ৩.২৫ টাকায় বৃদ্ধি করা হইয়াছে। ফলে ১ হইতে ২০ নং দোকানের তুলনায় পরবর্তী দোকানগুলোর জন্য মাসিক ভাড়ায় ২.০০ টাকার পার্থক্য দেখা দিয়াছে। এতদ্ব্যাপারে একই ধরনের নীতিমালা প্রনয়ন করা যাইতে পারে।

গৃহীত সিদ্ধান্ত ঃ- দোকান ভাঁড়ার বিষয়ে একই নীতিমালা অনুসরনের জন্য প্রস্তাবিত উভয় ধরনের দোকানের মাসিক ভাড়া ৭০০/-(সাতশত) টাকা করা হলো এবং ভাড়া কমানোর বিষয়টি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-২১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ২৮১২ নং রেজিষ্টার দলিল মূলে ক্যান্টনমেন্ট বাজার) আবাসিক এলাকার ৮৪(সাবেক বাণিজ্যিক প্লট নং-২৭) নং প্লটটি জনাব জমির উদ্দিন এ সিদ্দিকীর নামে ২০-২-৬২ ইং হইতে ৩০ (ত্রিশ) বৎসরের জন্য ইজারা প্রদান করা হয়। অতঃপর তিনি ১৯-১-৮৩ ইং তারিখের ১২০৪ নং রেজিষ্টার দলিল মূলে প্লটটি মুসলিম এডুকেশন ট্রাষ্টের নামে দান করেন এবং যথা নিয়মে ২৪-৮-৮৩ ইং তারিখের বোর্ড সভায় ১০ নং গৃহীত সিদ্ধান্ত মুসলিম এডুকেশন ট্রাষ্ট এর নামে নামানুরিত হয়। বোর্ড কর্তৃক প্রদত্ত মূল ইজারা দলিল অনুযায়ী ইজারার মেয়াদ ১৯-২-৯২ ইং তারিখে শেষ হইয়া যায়। মুসলিম এডুকেশন ট্রাষ্ট নবায়নের জন্য ০৮-১-৯২ ইং তারিখে আবেদন জানান। উক্ত আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তর ১-২-৯২ ইং তারিখের ঢাক্যাবো/ক্যাঃআঃএঃ/৮৪/২০৬ নং পত্রের মাধ্যমে 'সাভূসে' অধিদপ্তরের নিকট পরবর্তী সিদ্ধান্তের জন্য অনুরোধ জানান। এই মর্মে সেনা সদর, ঢাকা সেনানিবাসের ১৯-২-৯২ ইং তারিখের ৩৯১৭/২/ঢাকা-৮/এমকিউ-২ নং পত্র এবং 'সাভূসে' অধিদপ্তরের ১৪-৩-৯২ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৮৬/শা-৩/৭০ নং পত্রের উপর বোর্ডের সিদ্ধান্তের জন্য প্রয়োজনীয় সকল কাগজপত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্ত ঃ- এ ব্যাপারে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

(ক) মুসলিম এডুকেশন ট্রাষ্টের নামে উক্ত প্লটের ইজারা নবায়ন করা হইবে না মর্মে মুসলিম এডুকেশন ট্রাষ্টকে অবহিত করা হোক।

(খ) ২০-২-৯২ ইং তারিখ হইতে ৮৪ নং আবাসিক প্লটে (বুডওয়ে বিল্ডিংএ) অবস্থিত সকল দোকানের ভাড়া ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক আদায় করা হইবে।

(গ) বুডওয়ে বিল্ডিং এর মূল্য নির্ধারনের ব্যাপারে কার্যক্রম গ্রহনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ করা গেল।

(ঘ) এ ব্যাপারে যাবতীয় আইনানুগ পদক্ষেপ গ্রহনের জন্য সি,ই,ও কে পরামর্শ দেওয়া গেল।

প্রস্তাব নং-২২ ঃ রেজিঃ নার্সদের পোষাক ও ধোলাই ভাতা বৃদ্ধিকরণ ঃ

ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের রেজিষ্টার্ড নার্সদের পোষাক ও ধোলাই ভাতা বৃদ্ধি প্রসংগে 'সাভূসে' অধিদপ্তরের ৩০-১১-৯১ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৬-৩/২৭ নং পত্রের আলোকে সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্ত ঃ- প্রচলিত সরকারী বিধি মোতাবেক রেজিঃ নার্সদের পোষাক ও ধোলাই ভাতা বৃদ্ধি করার প্রস্তাবটি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২৩ ঃ এস,এম,ও'কে মটর কার ভাতা প্রদান প্রসংগে ঃ

ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের সিনিয়র মেডিক্যাল অফিসার ডাঃ মাসউদা গনিকে মটর কার ভাতা প্রদানের বিষয়ে "সাভূসে" অধিদপ্তরের ১৪-১-৯২ ইং তারিখের ১৭/এমএলএন্ডসি/পিএফ/৬৯/২৭ নং পত্রের আলোকে সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্ত ঃ- প্রচলিত সরকারী বিধি মোতাবেক অফিসের কাজে তাঁহার নিজস্ব মটর কার ব্যবহারের জন্য নির্ধারিত ভাতা প্রদানের বিষয়টি অনুমোদন করা হলো।

৭ম পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-২৪ ঃ হাসপাতালের "ইম্প্রেস্ট" বর্ধিত করণ প্রসংগে ঃ

ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ইমপ্রেস্টমানি ১,০০০/- টাকা হইতে ২,০০০/-টাকায় বর্ধিত করার বিষয়ে সিনিয়র মেডিক্যাল অফিসারের ৩০-১১-৯১ ইং তারিখের আবেদন বিবেচনা করণ ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ইম্প্রেস্টমানি ১,০০০/- ( এক হাজার ) টাকা হইতে বৃদ্ধি করতঃ ২,০০০'০০ (দুই হাজার ) টাকায় উন্নীত করার বিষয়টি অনুমোদন করা হলো ।

প্রস্তাব নং-২৫ ঃ হাসপাতালের স্টাফ মিঃ নন্দ দুলাল শীলের চাকুরী স্থায়ীকরণ প্রসংগে ঃ

ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ও,টি,টেকনিশিয়ান মিঃ নন্দ দুলাল শীল এর চাকুরী স্থায়ীত্ব করণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করণ । এই প্রসংগে সাতৃসে অধিদপ্তরের ০২-২-৯২ ইং তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/১৮৯-২/১৯ নং পত্র উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- বিধি মোতাবেক তাঁহাকে চাকুরীতে স্থায়ী করার বিষয়ে সুপারিশ করা হলো ।

প্রস্তাব নং-২৬ ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের কোয়ার্টারে বসবাসকারী শিক্ষক/শিক্ষিকার বাসা ভাড়া কর্তন প্রসংগে ঃ

শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয় সংলগ্ন কোয়ার্টারে বসবাসকারী শিক্ষক/শিক্ষিকাদের বাসা ভাড়া কর্তন বিষয়ে 'সাতৃসে' অধিদপ্তরের ১৩-১-৯২ ইং তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/১৭৩-২/শা-৭/২৩ নং পত্রের আলোকে সিদ্ধান্ত গ্রহন করা ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- টিনশেড কোয়ার্টার মেরামতের পর হইতে মাসিক ভাড়া প্রতি ইউনিট ৫৫০/-টাকা (পাঁচশত পঞ্চাশ) টাকা ধার্য করা হলো । বসবাসকারী শিক্ষক/শিক্ষিকার বেতন বিল হইতে কেবলমাত্র মাসিক ভাড়া বাবদ ৫৫০/-টাকা কর্তিত হবে । গ্যাস, পানি ও বিদ্যুৎ চার্জ সংশ্লিষ্ট সকলকে আলাদাভাবে পরিশোধ করতে হবে ।

প্রস্তাব নং-২৭ ঃ বোর্ডের ১৯৮৮-৮৯,৮৯-৯০,৯০-৯১ সনের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব অবহিত হওয়া ও অনুমোদন করণ ।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৮৮-৮৯,৮৯-৯০,৯০-৯১ আর্থিক সনের বার্ষিক আয়-ব্যয়ের রিপোর্ট অবহিত হওয়া ও অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- প্রস্তাবিত তিনটি আর্থিক সনের আয়-ব্যয়ের হিসাব অবহিত হওয়ার পর অনুমোদন করা হলো ।

প্রস্তাব নং-২৮ ঃ কবর পাকা করনের আবেদন বিবেচনা করণ ঃ

কবর পাকা করনের বিষয়ে কর্ণেল আবু নঈম আমিন আহমেদ, পিএসসি এর ১৫-১-৯২ ইংতারিখের আবেদন এবং বিজেও-২০১৩৭ সুবেদার/ও টি এ মোঃ আফজাল উদ্দিন খান এর ১৪-১-৯২ ইং তারিখের এবং উইং কমান্ডার(অবঃ) শামসুর রহমানের ৭-৩-৯২ ইং তারিখের আবেদন বিবেচনা করণ ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- গত ১৯-৯-৯১ ইং তারিখের ৮ নং গৃহীত সিদ্ধান্তের শর্তানুসারে কবর প্রতি দশ হাজার টাকা জমা সাপেক্ষে উপরোক্ত আবেদন অনুযায়ী তিনটি কবর পাকা করনের অনুমোদন দেওয়া গেল ।

X
প্রস্তাব নং-২৯ ঃ ক্যান্টঃ আবাসিক এলাকাস্থ ১৪/এ প্লট ও প্লটে নির্মিত বাড়ী নামানুর করণ প্রসংগে ঃ

ক্যান্টঃ আবাসিক এলাকাস্থ ১৪/এ প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি মিসেস নূর জাহান বেগমের নাম হইতে (ক) আয়েশা আজিজ খান (খ) আদিবা আজিজ খান (গ) আজিজা আজিজ খান, পিতা-জনাব মোঃ আজিজ খান এর নামে নামানুরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা । এতদ্ব্যাপারে ক্রেতাদের পক্ষে তাহাদের পিতা ও বিক্রেতার আবেদন এবং আইন উপদেষ্টার মতামতসহ যাবতীয় কাগজপত্রাদি উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- প্রস্তাবমতে নামানুরের বিষয়টি অনুমোদন করা হলো ।

৮ম পৃঃদ্রঃ

ব নং-৩০ ঃ ঢাকা সেনানিবাস এলাকার বিভিন্ন বাড়ীর নক্সা অনুমোদন করণ ঃ

ঢাকা সেনানিবাস এলাকার বিভিন্ন বাড়ীর নক্সা অনুমোদন করণ।

ত সিদ্ধান্ত ঃ- ঢাকা সেনানিবাস এলাকার নিম্নোক্ত ১৯ টি বাড়ীর নক্সা অনুমোদন করা হলো ঃ-

| ক্রমিক নং | বাড়ীর মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম |
|---|---|---|---|
| ১। | কর্ণেল রুকনুল ইসলাম চৌধুরী | ৩১৯ | মহাখালী ডিওএইচএস, ঢাকা ক্যান্ট। |
| ২। | লেঃ কর্ণেল মোঃ আবদুজ জহির | ৩৬৯ | --ঐ-- |
| ৩। | মেজর আবুল বাশার মোঃ মোবাশ্বী | ৪৩৬ (যৌথ) | --ঐ-- |
| ৪। | গ্রুপ ক্যাপ্টেন এ টি এম আব্দুল ওয়াজেদ<br>পরবর্তীতে বেগম আজিমন নাহার শমশেরকে আম-মোক্তার নিযুক্ত করা হয়। | ৪৭৯ | --ঐ-- |
| ৫। | গ্রুপ ক্যাপ্টেন এ এম মনসুর আহম্মদ | ৪৮৭ | --ঐ-- |
| ৬। | ক্যাপ্টেন খন্দকার মঈনুদ্দিন আহমেদ, বিএন, | ৪৪৭ | --ঐ-- |
| ৭। | কর্ণেল এ এম মাহমুদুজ্জামান, পিএসসি, | ৩৭৩ | --ঐ-- |
| ৮। | লেঃ কর্ণেল কাজী বায়েজীদুল ইসলাম | ৩৭৭ | --ঐ-- |
| ৯। | লেঃ কর্ণেল আমিনুল ইসলাম চৌধুরী | ৩১৫ | --ঐ-- (সংশোধিত) |
| ১০। | লেঃ কর্ণেল এম, মাহবুব আলী চৌধুরী | ৩৭৪ | --ঐ-- |
| ১১। | মিসেস আলেয়া আলাউদ্দিন | ২৯৭/এ | --ঐ-- |
| ১২। | মিসেস রিজিয়া রব্বানী | ৪৯৬ | --ঐ-- (সংশোধিত) |
| ১৩। | লেঃ কর্ণেল নুরুল আজিম ও অন্যান্য | ৪০১ (যৌথ) | --ঐ-- |
| ১৪। | মিসেস মাহবব আনোয়ার ও মিসেস আবিদা আনোয়ার | ৪৯/এ | বনানী ডিওএইচএস, ঢাকা ক্যান্ট। |
| ১৫। | মিসেস রোজী খায়রুল হক | ৬২ | --ঐ-- (সংশোধিত) |
| ১৬। | মোঃ আবদুল মান্নান খান | সিএস প্লট নং-২৮৪ (আংশিক) মৌজা-ইব্রাহিমপুর। | |
| ১৭। | মোঃ ছায়েম খান | সিএস প্লট নং-২৮৪ (আংশিক) মৌজা-ইব্রাহিমপুর | |
| ১৮। | মিসেস আতিকা খানম | সিএস প্লট নং-১০২ (আংশিক) লালাসরাই। | |
| ১৯। | মেজর মোঃ আব্দুস সবুর ও অন্যান্য | ৪০৬ (যৌথ) | মহাখালী ডিওএইচএস, ঢাকা ক্যান্ট। |

ব নং-৩১ ঃ বিবিধ ঃ

(ক) মহাখালী ডি ও এইচ এস এলাকার লেইন নং-২২ এর পুনঃ সলিং করার মূল্যানুমান (৬৪,১০৫/- টাকা) ও মেসার্স দি ইঞ্জিনিয়ার্স সিন্ডিকেট দ্বারা ৭% নিম্নে কাজটি করার অনুমোদন।

(খ) ১৯,০০০.০০ টাকা ব্যয়ে ফটোস্ট্যাট মেশিনের বিভিন্ন যন্ত্রাংশ পরিবর্তন।

(গ) নিম্নোক্ত ৬ (ছয়) জন স্টাফের পেনশন অগ্রগন বিবেচনা করণ ঃ-

(১) মিসেস সাবেরা সুলতানা, প্রাথমিক শিক্ষিকা,
(২) মোঃ ছাদির মিয়া, নিম্নমান সহঃকাম-মুদ্রাক্ষরিক
(৩) শাহাবুদ্দিন আহমেদ, ট্যাক্স কালেক্টর
(৪) মোঃ এনামুল হক, ট্যাক্স কালেক্টর
(৫) মোঃ সুরুজ মিয়া, চৌকিদার
(৬) মোঃ আলী আশরাফ, চৌকিদার

৯ম পৃঃ দ্রঃ

(ঘ) কন্জারভেন্সী অফিসার জনাব শেখ হাফিজুর রহমানের ১৩৫০-২৭৫০ টাকার বেতন স্কেল প্রদানের বিষয়ে অধিদপ্তরের ২৪-১১-৯১ ইং তারিখের ১৭/এমএলএন্ডসি/পিএফ/৫৩/৫৭ নং পত্রের আলোকে সিদ্ধান্ত গ্রহন ।

গৃহীত সিদ্ধান্তঃ- (ক) প্রস্তাবটি হুবহু অনুমোদন করা গেল ।

(খ) যন্ত্রাংশ পরিবর্তন না করিয়া বিএম্ম করতঃ নূতন এম্ম করা যায় কি না বা মেরামত করা কি একান্ত প্রয়োজন ইত্যাদি বিস্তারিত তথ্যাদিসহ পরবর্তী বোর্ড সভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হলো ।

(গ) অনুমোদন করা গেল ।

(ঘ) বিধি মোতাবেক সংশ্লিষ্ট কন্জারভেন্সী অফিসার'কে উন্নীত স্কেল প্রদানের সুপারিশ করা হলো ।

উপস্হিত সদস্যদিগকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন ।

( মোঃ আবদুল করিম )
সেক্রেটারী,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট ।

( কর্ণেল মনিরুজ্জামান খান, পিএসসি )
প্রেসিডেন্ট,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট ।

শেষ/-